

এসএমই ফাউন্ডেশন

রয়েল টাওয়ার, ৪ পাহুপথ, ঢাকা
ওয়েবসাইট: www.smef.gov.bd

নোটিস

তারিখ: ৮ নভেম্বর ২০২০

এসএমই ফাউন্ডেশন আগামী ২৩-২৬ নভেম্বর ২০২০ ‘আইটিসি ট্রেড ম্যাপ ও মার্কেট এক্সেস ম্যাপ (বাজার বিশ্লেষণ টুল) ব্যবহারের মাধ্যমে এসএমই পণ্যের আন্তর্জাতিক বাজার নির্বাচন’ শিরোনামে ভার্চুয়াল প্ল্যাটফর্ম জুম এ একটি প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে যাচ্ছে।

০২। এসএমই উদ্যোক্তা অথবা এসএমই প্রতিষ্ঠানের বিপণন কার্যক্রম বা রপ্তানির সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এই প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন ফি ২৫০/- টাকা; যা ফাউন্ডেশন কর্তৃক চূড়ান্ত অংশগ্রহণকারী নির্বাচনের পর জমা দিতে হবে। ভার্চুয়াল প্ল্যাটফর্মে আয়োজিত এ প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য জুম এর লিংক পরবর্তীতে অংশগ্রহণকারীদের জানিয়ে দেয়া হবে। অংশগ্রহণকারীদের প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য ইন্টারনেট সংযোগসহ কম্পিউটারের ব্যবস্থা থাকতে হবে। বিস্তারিত তথ্যের জন্য ০১৮১৮৪৮৯২৩৫, ০১৭৩১৫৯৫২০৬ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

০৩। উল্লেখ্য, চূড়ান্তভাবে নির্বাচিত অংশগ্রহণকারীদের ২টি গ্রুপে ভাগ করে প্রশিক্ষণ কর্মশালাটির প্রথম সেশনটি স্বাস্থ্যবিধি মেনে এসএমই ফাউন্ডেশনের কম্পিউটার ল্যাবে এবং তৃতীয় ও চতুর্থ দিন ভার্চুয়াল প্ল্যাটফর্ম ----জুমে--- অনুষ্ঠিত হবে।

০৪। এসএমই উদ্যোক্তা অথবা তাঁর প্রতিষ্ঠানের বিপণন কার্যক্রম বা রপ্তানির সাথে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা এ প্রশিক্ষণে অংশগ্রহণে আগ্রহী হলে এ প্রশিক্ষণের জন্য নির্ধারিত আবেদন ফরমটি (ফটোকপি গ্রহণযোগ্য) পূরণ করে [প্রশিক্ষণ কর্মসূচির বিস্তারিত তথ্য ও আবেদন ফরমের জন্য ওয়েবসাইট দেখুন] তা আগামী ১২ নভেম্বর ২০২০ তারিখের মধ্যে এসএমই ফাউন্ডেশনের কার্যালয়ে প্রেরণের জন্য তাঁকে সবিশেষ অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,

(ফাহিম-বিন-আসমাত)
সহকারী মহাব্যবস্থাপক
এসএমই ফাউন্ডেশন